গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ডান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ,বগুড়া।

স্মারক নং-৪৪.০৩.৫০১০.০০২.০৪.০০৫.২৫-৫৮২

০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় :** "ভিডিপি অ্যাডভান্সড কোর্স"-এ অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : আনসার ও ভিডিপি সদর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৪৯.২৫-৮৩, তাং-১৮/০৩/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৬/০৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ২৮ দিন মেয়াদি "ভিডিপি অ্যাডভান্সড কোর্স" জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মালতিনগর, বগুড়ায় অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে আপনার উপজেলায় নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণার্থী আগামী ০৭/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকার মধ্যে জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মালতিনগর, বগুড়ায় প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। অত্র দপ্তর কর্তৃক গঠিত কমিটি নীতিমালা ও নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক যোগ্য প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন করবেন।

নির্দেশনা :

১। ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত ও প্লাটুনভুক্ত সদস্য (পুরুষ) হতে হবে।
২। ন্যূনতম এসএসসি/দাখিল/সমমান পাশ হতে হবে।
৩। বয়স ১৮ থেকে ৩০ বছর (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে)।
৪। জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
৫। উচ্চতা- ৫ ফুট ৫ ইঞ্চি (ন্যূনতম)।
৬। প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
৭। স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে আগ্রহী হতে হবে।
৮। গ্রামে/ইউনিয়নে/পৌরসভা/ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসকারী এবং নিজ এলাকায় কর্মসংস্থান আছে এমন ব্যক্তি নির্বাচন করতে হবে।
৯। তথ্য-প্রযুক্তি ব্যবহারে আগ্রহ ও দক্ষতা থাকতে হবে।
১০। এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
১১। সার্কুলারটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

20-06-20

মোঃ সাদ্দাম হোসেন, পিডিএম
পরিচিতি নং-বিএডি ১২০২০১
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বগুড়া।
মোবাইল নং-০১৭৩০-০৩৮০৯৮

২০/৩/২৫

সদয় কার্যক্রম/কার্যক্রম:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)
বগুড়া সদর/কাহালু/দুপচাঁচিয়া/আদমদিঘী/নন্দীগ্রাম/
শিবগঞ্জ/শাজাহানপুর/শেরপুর/ধুনট/সারিয়াকান্দি/
গাবতলী/সোনাতলা, বগুড়া।

সদয় অবগতি/অবগতি:

১। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
রাজশাহী রেঞ্জ, রাজশাহী।

২। প্রশিক্ষণ (ভিডিপি) শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

সংরক্ষণ:

অফিস/মাস্টার কপি।



CamScanner